# সুরক্ষা বার্তা

প্রকাশনায়, শিশু সুরক্ষা প্রকল্প

participates in survival strategies of coastal poor
COAST Foundation

৪৫তম সংস্করণ, ডিসেম্বর ০৩, ২০২১ খ্রিঃ, কক্সবাজার জেলায় অবস্থানরত স্থানীয় ও রোহিঙ্গা জনগোষ্ঠীর শিশু, কিশোর-কিশোরী, যুবাদের (মেয়ে ও ছেলে) আত্মোন্নয়নের মাধ্যমে প্রাণোচ্ছল ও সুরক্ষিত পরিবেশ সম্প্রসারণমূলক প্রকল্প, কোস্ট- উখিয়া রিলিফ অপারেশন সেন্টার, উখিয়া, কক্সবাজার

ইউনিসেফ-এর সহযোগিতায় কোস্ট কক্সবাজার জেলার স্থানীয় ও ক্যাম্পে বসবাসরত রোহিঙ্গা জনগোষ্ঠীর শিশু, কিশোর-কিশোরী, যুবাদের (মেয়ে ও ছেলে) আত্মোন্নয়নের মাধ্যমে প্রাণোচ্ছল ও সুরক্ষিত পরিবেশ সম্প্রসারণমূলক প্রকল্প উখিয়া ও টেকনাফ উপজেলার ৮টি ক্যাম্প এবং ৩টি ইউনিয়নে বাস্তবায়ন করে আসছে। প্রকল্পটির মেয়াদ ০১ জানুয়ারি থেকে ৩১ ডিসেম্বর ২০২১ খ্রিঃ পর্যন্ত। প্রকল্পটি শিশু, কিশোর-কিশোরী ও যুবাদের সুরক্ষায় কেইস ম্যানেজমেন্ট সেবা, মনোসামাজিক সেবা, জীবন দক্ষতা, প্রি-ভোকেশনাল প্রশিক্ষণ, ফলোআপ সেবা, সোস্যালহাব এবং শিশুসুরক্ষার ঝুঁকি হ্রাসে সচেতনতামূলক ক্যাম্পেইন, রেফারেল সেবাসহ বিভিন্ন সেবা প্রদান করছে, যা প্রকল্পের সুবিধাভোগীদের সক্ষমতা বৃদ্ধি ও উন্নয়নে অবদান রাখছে।

## বিশ্ব শিশু দিবস-২০২১ উদ্‌যাপন




***‡Kv÷ wkï myiÿv cÖKí 8wU K¨v¤ú Ges ¯’vbxq wkkÿv`i mv‡_ wek¦ wkï w`em D`hvcb K‡i‡Q, K¨v¤ú-22, Qwe: †bRvg DwÏb, 20-11-2021***

প্রতি বছরের ন্যায় এবারও UNICEF এর অর্থায়নের কোস্ট ফাউন্ডেশনের উদ্যোগে পরিচালিত শিশু সুরক্ষা প্রকল্পের অংশীদার হিসেবে "বিশ্ব শিশু দিবস-২০২১" পালিত হয়। কোস্ট ফাউন্ডেশন উখিয়া ও টেকনাফ উপজেলার হোস্ট কমিউনিটির ৩টি ইউনিয়ন এবং ৮টি ক্যাম্পসহ মোট ২০টি এমপিসিতে এই দিবসটি উদ্‌যাপন করেছে। উক্ত দিবসে ৯৫৮ জন কিশোর, যুবা, মাঝি, ইমাম, সিবিসিপি সদস্য, পিসিসি সদস্য,শিক্ষক, ইউনিয়ন পরিষদ সদস্য এবং এলাকার গন্যমান্য ব্যাক্তিগণ অংশগ্রহন করেছিলেন। ২০২১ সালে বিশ্ব শিশু দিবসটির প্রতিপাদ্য ছিল "আসুন মহামারী চলাকালীন শিশুদের শেখার ক্ষতি পুনরুদ্ধারের চেষ্টা করি"। এই বছর শিশুদেও শিক্ষার বিকাশ কোভিড-১৯ এর দ্বিতীয় ঢেউয়ে ক্ষতিগ্রস্ত হয়েছে। প্রায় ৬ মাস ধরে নিষেধাজ্ঞার মধ্যে বসবাস করছে এবং এর জন্য বহু মানুষ মারা গেছে। নিষেধাজ্ঞার সময় শিক্ষা প্রতিষ্ঠানসহ অফিস আদালত বন্ধ থাকায় শিশুরা শিক্ষা থেকে দূরে ছিলো। এর ফলে অনেক শিশু স্কুল থেকে ঝরে পড়েছে এবং অধিকাংশ শিশু বিভিন্নভাবে শিশু শ্রমের সাথে জড়িত হয়েছে এবং বাল্য বিবাহসহ বিভিন্ন ঘটনার শিকার হয়েছে। ১৯৫৪ সালের ২০ নভেম্বর প্রথম এই দিবসটি পালন করা হয় শিশুদেরকে তাদের অধিকার বিষয়ে সচেতনতা সৃষ্টি করা তাগিদে, বিশ্ব শিশু দিবসটি পালন করে আসছে। আলোচনায় অংশ নিয়ে অতিথিরা বলেন, শিশুরা সমাজের একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ। কিন্তু সমাজে শিশু অধিকার নিয়ে সচেতনতার অভাব, দুর্বল অর্থনৈতিক অবস্থা, সাংস্কৃতিক নিয়মকানুন এবং নেতিবাচক মানসিকতা ইত্যাদির কারণে শিশুরা নিরাপদ নয়। যেসব কারণে শিশুরা অরক্ষিত হচ্ছে, বঞ্চিত হচ্ছে অধিকার থেকে। তাই আমাদের সকলকে ঐক্যবদ্ধভাবে এগিয়ে আসতে হবে। তারা বলেন, প্রত্যেক শিশুকে তার অধিকার সম্পর্কে জানতে ও বুঝতে হবে এবং অভিভাবকদের যত্নশীল ভূমিকা পালনের মাধ্যমে সন্তানদের অধিকার নিশ্চিত করতে হবে। কারণ এটা তাদের কর্তব্য। এটা একদিনে অর্জন হবে না। শিশুর জন্য বন্ধুত্বপূর্ণ পরিবেশ প্রতিষ্ঠার জন্য আমাদের সবাইকে একসাথে কাজ করতে হবে এবং আমাদের আওয়াজ তুলতে হবে। উক্ত দিবস পালনের অংশ হিসেবে চিত্রাংকন, র‍্যালি এবং বিভিন্ন খেলার আয়োজনের মাধ্যমে দিবসটি উদযাপন হয়।

## রাফি এখন কম্পিউটার ব্যবহারের মাধ্যমে বিশ্বকে জানতে পারছে



***iwd wb‡Ri evmvq Kw¤úDUvi e¨envi Ki‡Q, iZœvcvjs Ggwcwm, Qwe, mvBdzj Bmjvg, 21-11-2021***

কোস্ট ফাউন্ডেশনের শিশু সুরক্ষা প্রকল্পে ১০ থেকে ১৮ বছর বয়সের কিশোর-কিশোরীদের বিভিন্ন সেবা প্রদান করে থাকে। উক্ত সেবাগুলোর মধ্যে রয়েছে জীবন দক্ষতা ভিত্তিক শিক্ষা কার্যক্রম, মনোসামাজিক সহায়তা সেশন এবং তাদের দক্ষতা উন্নয়নের জন্য কম্পিউটার প্রশিক্ষণ, স্যানিটারি প্যাড তৈরী প্রশিক্ষন এবং সেলাই প্রশিক্ষণ ইত্যাদি। শিশু সুরক্ষা প্রকল্পের উখিয়া রত্নাপালংয়ে অবস্থিত কোস্ট মাল্টিপারপাস সেন্টার থেকে কম্পিউটার প্রশিক্ষণ পেয়েছে তানভীর হাসান রাফি (১৭)। তানভির হাসান রাফি এখন উখিয়া ডিগ্রি কলেজে এইচএসসি ২য় বর্ষে। রাফি ৬ মাসের কম্পিউটার প্রশিক্ষণ থেকে এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট এবং বেসিক

ইন্টারনেট ব্রাউজিং সম্পর্কে শিখেছে। কম্পিউটার কোর্সটি সফলতার সাথে সম্পন্ন করেছেন এবং প্রশিক্ষণ শেষে সংস্থার পক্ষ থেকে মূল্যায়ন করে তার ভাল ফলাফলের জন্য তাকে ৯০০০ টাকা নগদ সহায়তা পেয়েছে। তার বাবা মাহবুব আলম তার লেখাপড়া এবং ভবিষ্যত জীবন নিয়ে খুবই সচেতন। রাফি কোস্টের সহায়তার টাকাসহ তার বাবার দেয়া টাকা দিয়ে একটি ডেস্কটপ কম্পিউটার কিনেছে। এই কম্পিউটার দিয়ে সে এখন পড়াশোনার অনেক কিছু জানতে পারে। রাফি বলেন, আমার মতো অন্যান্য ছেলেরাও যদি সহায়তা পায় তাহলে প্রতিটি শিক্ষার্থী বিশ্ব সম্পর্কে জানতে পারবে এবং তাদের শেখার মান উন্নত করতে পারবে। তার মা রেহানা আক্তার বলেন, "ডেস্কটপ কম্পিউটার পেয়ে রাফি খুবই খুশি"। তিনি এই ধরনের প্রশিক্ষণ এবং সহায়তা কার্যক্রমের জন্য কোস্ট এবং ইউনিসেফকে ধন্যবাদ জানান।

## আমরা এখন সাবান তৈরির জন্য প্রস্তুত



*M¨vRy‡qU 25 Rb cÖwkÿbv_x© `ÿZv`b cÖwkÿ‡Yi ci mvevb ˆZwii Rb¨ cÖ¯‘Z, K¨v¤ú- 4 G·‡Ubkb, Qwe: AwbK `Ë, 24-11-2021*

কোস্ট ফাউন্ডেশনের শিশু সুরক্ষা প্রকল্পের ক্যাম্প ৪ সম্প্রসারনে ২০২১ সালের শুরুতে ২৫ জন সাবান প্রশিক্ষনার্থী কিভাবে সাবান প্রস্তুত করতে হয়, সাবান প্রস্তুতের জন্য কি কি উপকরন প্রয়োজন এসব বিষয়ের উপর প্রশিক্ষণ গ্রহণ করে। তারই ধারাবাহিকতা ২৪শে নভেম্বর ২০২১ প্রাথমিক ভাবে ৫০০ পিস সাবান তৈরির মিক্সার ঢালাইয়ের মাধ্যমে পরীক্ষামূলক কার্যক্রম শুরু হয়। ট্রেইনার মিজানুর রহমান, মাহিদুল ইসলাম মাহিদ এবং কারিগরি টিমের সহযোগিতায় মাল্টিপারপাস সেন্টারে কিশোররা প্রয়োজনীয় নিরাপত্তা উপকরণ ব্যবহার করে সফলভাবে ঢালাই কার্যক্রম সম্পন্ন করে। ঢালাই দেওয়ার পর পুরো প্রক্রিয়া শেষ করতে ৭-৮ দিন সময় প্রয়োজন হয়। প্রথমবারে মতো সাবান তৈরির ব্যবহারিক কাজে অংশ নিতে পেরে তাদের মাঝে উৎফুল্ল ভাব দেখা যায়। কিশোরদের অভিবাভকরা সাবান প্রস্তুতকরন দেখতে আসে এবং তারা খুবই আশাবাদী যে তাদের ছেলেরা উক্ত কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে ভবিষ্যতে যেকোন জায়গায় দক্ষতা কাজে লাগাতে পারবে এবং বেকারত্ব লাঘব হবে বলে তারা মনে করেন।

## বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের মাঝে সুরক্ষা সামগ্রী বিতরণ

কেইস ম্যানেজমেন্ট সেবার অধীনে অধিক ঝুঁকিপূর্ণ শিশুদের চিহ্নিত করে তাদের মাঝে বিভিন্ন ধরনের প্রয়োজনীয় সেবা পৌঁছে দিচ্ছে কোস্ট ফাউন্ডেশন। তারই ধারাবাহিকতায় শিশুদের মাঝে বিভিন্ন সুরক্ষামূলক উপকরন বিতরণ করা হয় যার মধ্যে কাপড, বেডশীট, ছাতা, সাবান, স্যানিটারি প্যাড, সোলার লাইট, কমোড চেয়ার ইত্যাদি



*kixdv wewe wkï myiÿv cÖK‡íi K‡gvW †Pqvi MÖnYKvix K¨v¤ú-11, Qwe: wRjyj ingvb, 13-11-2021*

জিনিস পত্র অন্তর্ভুক্ত ছিল। মোট ৮টি ক্যাম্পের ১৮৫ জন শিশুকে এই সুরক্ষা উপকরন দেয়া হয়। আনোয়ারা বেগম এবং হোসেন আহমদ (ক্যাম্প ১১) এর মেয়ে শরীফা বিবি (৯) শারীরিক ভাবে প্রতিবন্ধী। সে ভালভাবে দাড়াতে পারে না। তার পা দুটো অবসের মতো হয়ে গেছে। শিশু সুরক্ষা প্রকল্পের মাধ্যমে তাকে ১টি কমোড চেয়ার দেওয়া হয়। শরিফা এখন কমোড চেয়ারের ঘরে টয়লেটের প্রয়োজনীয়তা সম্পন্ন করতে পারে। শরীফার মা আনোয়ারা বেগম এবং বাবা হোসেন আহমদ বলেন, "আমার মেয়ে প্রতিবন্ধী হওয়ার কারনে তার টয়লেটে আসা-যাওয়ার ক্ষেত্রে অনেক সমস্যার সম্মুখীন হতে হতো। এখন কমোড চেয়ার পাওয়ার ফলে শরীফার খুব উপকার হয়েছে"। তারা কোস্ট ফাউন্ডেশনের কাজের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

| নভেম্বর ২০২১ মাসে বাস্তবায়িত কার্যক্রম | | |
|---|---|---|
| কাজ সমূহ | লক্ষ্য | অর্জন |
| কেইস ম্যানেজমেন্ট সেবা | ৩৫ | ৩৫ |
| পিসিসি মিটিং | ৩০ | ৩০ |
| সিসিবিসি মিটিং | ২০ | ২০ |
| দিবস উদযাপন | ২ | ২ |
| অনলাইন নিরাপত্তা ও ইন্টারনেট ব্যবহার ট্রেনিং | ৪ | ৪ |
| নেতৃত্ব ও যোগাযোগ | ১৩ | ১৩ |
| উদ্ভাবনী কর্মশালা | ১৫ | ১৫ |
| মনোসামাজিক সহায়তা | চলমান | চলমান |
| জীবন দক্ষতা উন্নয়ন শিক্ষা | চলমান | চলমান |
| কারিগরি শিক্ষা | চলমান | চলমান |

এই প্রকাশনাটি তৈরীতে প্রকল্পের সকল পর্যায়ের সহকর্মীগণ তথ্য এবং ছবি দিয়ে সহযোগীতা করেছেন।

শিশুসুরক্ষা প্রকল্প, কোস্ট উখিয়া রিলিফ অপারেশন সেন্টার

উখিয়া, কক্সবাজার।

যোগাযোগে- ০১৭০৮১২০৩৩১, razaul@coastbd.net